



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2022-23

BNGACOR12T-BENGALI (CC12)



Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাঙ্গিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজেস্ব ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

একক -১

(ক) 'মেঘ ও রৌদ্র' গল্পটিতে পরাধীন উপনিবেশের বেদনার পাশাপাশি জীবনের মেঘ ও রৌদ্র-এর অনবদ্য চিত্রায়ণ স্থান পেয়েছে। — আলোচনা করো। ১০

অথবা

(খ) 'স্ত্রীর পত্র' গল্প অবলম্বনে মৃগালের প্রতিবাদী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

একক - ২

(গ) সমাজ-চিহ্নিত বারবনিতার মানবিক আকাঙ্ক্ষার কাহিনি সুবোধ ঘোষের 'বারবধু' — আলোচনা করো। ১০

অথবা

(ঘ) সুবোধ ঘোষের 'ফসিল' গল্পের বিষয়বস্তুর সঙ্গে এর নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ — গল্পটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

একক - ৩

(ঙ) "সমস্ত ব্যাপারটা দিনের আলোর মতো তখন ক্ষেত্রমোহনের নিকট পরিষ্কার হইয়া গেল।"
— 'রসময়ীর রসিকতা' গল্পটি অবলম্বনে 'সমস্ত ব্যাপারটা' ব্যাখ্যা করো। ১০

অথবা

(চ) 'কিন্নরদল' গল্পের সর্বাপেক্ষা সজীব চরিত্র প্রিয় মুখুজ্যের অবিবাহিত কন্যা শান্তি — চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০

একক - ৪

(ছ) অতীন বন্দ্যোপাধ্যায়ের 'কাল-ভুজঙ্গ' গল্পটি সমাজ ও সময়ের কথা বলে — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

অথবা

(জ) বিমল করের 'জননী' গল্পে সময়-স্মৃতি-কালচেতনা কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০
- (ক) চন্দ্রা কহিল, 'মরণ!'
— উদ্ধৃতাংশটির নিহিত বাঞ্জনা পরিস্ফুট করো। ৫
- (খ) 'বিমলের একশুঁয়েমি যেমন অব্যয়, তেমনি অক্ষয় তার ঐ ট্যাক্সিটার পরমাণু।'
— উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে লেখো। ৫
- (গ) 'এত আজগুবি গল্প তুমি কোথায় পাও বল দেখি?'
— আজগুবি গল্পটি কে বলেছে? গল্পটি সংক্ষেপে লেখো। ১+৪
- (ঘ) 'আমার ঠিক পেছনেই সাদা দেয়াল। আমি জানি।'
— উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

—x—